ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২২৪৯

আগরতলা,৮ আগস্ট,২০২৫

**এন.এল.এফ.টি. এবং এ.টি.টি.এফ. এম.ও.এস. অনুযায়ী ত্রিপুরাকে কেন্দ্রীয় মন্ত্রিসভার ২৫০ কোটি টাকা বরাদ্দ**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভাপতিত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ ভারত সরকার, ত্রিপুরা সরকার এবং ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব ত্রিপুরা (এন.এল.এফ.টি.) এবং অল ত্রিপুরা টাইগার ফোর্স (এ.টি.টি.এফ.) গ্রুপের সাথে স্বাক্ষরিত এম.ও.এস. অনুযায়ী ২৫০ কোটি টাকা বরাদ্দ করেছে। এই অর্থ ত্রিপুরার জনজাতিদের উন্নয়নের জন্য ব্যয় করা হবে।

বিভিন্ন সরকারি প্রকল্পে যেসব জনজাতি পরিবার বিভিন্ন সরকারি প্রকল্পের সুযোগ নিতে পারেননি এমন দুর্বল ও প্রান্তিক জনগোষ্ঠীর আর্থসামাজিক অবস্থার উন্নয়নে এই অর্থ ব্যয় করা হবে। বরাদ্দ অর্থে যুব ও মহিলাদের জীবিকা নির্বাহের ব্যবস্থা, কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, স্বাস্থ্য পরিষেবা প্রদান, শিক্ষা ও দক্ষতা বৃদ্ধি এবং আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টির উদ্যোগ নেওয়া হবে। কেন্দ্রীয় সরকারের এই উদ্যোগের জন্য মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা কেন্দ্রীয় মন্ত্রিসভাকে ধন্যবাদ জানিয়েছেন।

*****